Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 17 April, 2025

রাজস্থান রয়্যালসের বিপক্ষে প্রায় হাতছাড়া হওয়া ম্যাচ শেষ মুহূর্তের নাটকীয়তায় হার এড়ায় দিল্লি ক্যাপিটালস।এরপর লোকেশ রাহুল ও মিচেল স্টার্কদের দিল্লি সুপার ওভারে ইতিহাস গড়ে জিতেছে।তারা আইপিএলে এখন পর্যন্ত পাঁচবার সুপার ওভার খেলে জিতেছে চারটিতেই। যা ভারতীয় ফ্র্যাঞ্চাইজি টুর্নামেন্টটির ইতিহাসে সর্বোচ্চ।

ঘরের মাঠ অরুণ জেটলি স্টেডিয়ামে গতকাল (বুধবার) আগে ব্যাট করতে নেমে দিল্লি নির্ধারিত ওভারে ৫ উইকেটে ১৮৮ রান তোলে।তাদের পক্ষে অভিষেক পোরেল সর্বোচ্চ ৪৯, লোকেশ রাহুল ৩৮ এবং ত্রিস্টান স্টাবস ও অক্ষর প্যাটেল সমান ৩৪ রান করেন।রাজস্থানের পক্ষে দুটি উইকেট শিকার করেন জোফরা আর্চার।সেই লক্ষ্য তাড়ায় প্রায় সফলতার দ্বারপ্রান্তে ছিল রাজস্থান।কিন্তু শেষ দুই ওভারে তারা ২৮ রানের সমীকরণ মেলাতে পারেনি।৪ উইকেট হারিয়ে রাজস্থানও সমান ১৮৮ রান তুলে ম্যাচে সমতা টানে।দলের হয়ে যশস্বী জয়সওয়াল ও নিতীশ রানা সমান ৫১ রান করেন।

পরে ফল নির্ধারণে খেলা গড়ায় সুপার ওভারে।দিল্লির বোলিং প্রান্তে স্টার্ক আর রাজস্থানের হয়ে ক্রিজে আসেন রিয়ান পরাগ ও শিমরন হেটমায়ার। মাত্র ৩ বলেই ৯ রান তোলা রাজস্থান ঝুঁকিপূর্ণ দুই রান নিতে গিয়ে হারায় পরাগের উইকেট। পরের বলেই একই কায়দায় রানআউট জয়সওয়াল।ফলে সুপার ওভারে রাজস্থানের পুঁজি দাঁড়ায় মাত্র ১১ রান।ছোট পুঁজি ডিফেন্ড করার লক্ষ্যে সন্দীপ শর্মার হাতে বল তুলে দেয় দলটি।বিপরীতে রাহুলের একটি চার ও স্টাবসের এক ছক্কায় ২ বল হাতে রেখেই জয় নিশ্চিত করে দিল্লি।

এই জয় আইপিএলের সুপার ওভারে কোনো দলের সর্বোচ্চ।দিল্লি এখন পর্যন্ত পাঁচটি ম্যাচে সুপার ওভার খেলে চারটিতেই সফল হয়েছে। এতদিন পর্যন্ত আইপিএলের সুপার ওভারে তাদের সঙ্গে যৌথভাবে সর্বোচ্চ জয়ের রেকর্ডটি ছিল পাঞ্জাব কিংসের দখলে।চারটি সুপার ওভার ম্যাচে পাঞ্জাবের জয় তিনটি। তাদের পেছনে ফেলে দিল্লি রেকর্ড গড়ার পথে বড় কৃতিত্ব স্টার্কের। অস্ট্রেলিয়ান এই পেসার ম্যাচের ২০তম ওভারে জয়ের জন্য রাজস্থানকে প্রয়োজনীয় ৯ রানও করতে দেননি। করেছেন টানা ইয়র্কার। এরপর সুপার ওভারে দেন মাত্র ১১ রান। ফলে ম্যাচসেরাও হয়েছেন স্টার্ক।

এই ম্যাচ দিয়ে চলতি আইপিএলে এখন পর্যন্ত নিজেদের রাজত্ব ধরে রেখেছে অক্ষর প্যাটেল নেতৃত্বাধীন দিল্লি।৬ ম্যাচের মধ্যে ৫টি জয় নিয়ে তারা পয়েন্ট টেবিলের শীর্ষে রয়েছে। তাদের সমান ম্যাচ খেলে ৪টি করে জয় নিয়ে এরপর যথাক্রমে অবস্থান গুজরাট টাইটান্স, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু ও পাঞ্জাব কিংসের।

দিল্লি ক্যাপিটালস রাজস্থান রয়্যালস আইপিএল

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:41

URL: https://timestodaybd.com/sports/974775807